দৈনিক সংবাদ

MAR. 1 7 1999
পৃষ্ঠা ৪ কলাম ২

৭৪

## 'নট্রামস কোন্ পথে' সম্পাদকীয়ের তীব্র প্রতিবাদ

উপরোক্ত বিষয় এবং সূত্র মোতাবেক আপনার পত্রিকাতে সম্পাদকীয় লেখাটি নিম্নস্বাক্ষরকারীর দৃষ্টি আকর্ষণ করেছে। সঙ্গতকারণেই প্রকৃত রহস্যের সামান্যতম অংশ তুলে ধরা নিম্নস্বাক্ষরকারী দায়িত্ব মনে করেন। এই প্রতিবাদ আগামী ৭ দিনের মধ্যে প্রকাশের জন্যে অনুরোধ জানাচ্ছি। মিথ্যা ও বিভ্রান্তিকর তথ্য সম্বলিত সম্পাদকীয় লেখাতে নিম্নস্বাক্ষরকারী, নট্রামস, শিক্ষা মন্ত্রণালয় ও সদাশয় সরকারের ভাবমূর্তি বিনষ্ট করার জন্যে মাননীয় আদালতের আশ্রয় নেয়া হবে।

১. 'নট্রামস কোন্ পথে' পরিবেশিত সম্পাদকীয়তে যে সকল ঝালোয়াট কথা বলে শিক্ষা মন্ত্রণালয়, তথা সদাশয় সরকারকে দোষারোপ করা হয়েছে এবং নিম্নস্বাক্ষরকারীকে সামাজিকভাবে হেয় প্রতিপন্ন করা হয়েছে তার জন্যে তীব্র প্রতিবাদ জানাচ্ছি। ঐ সম্পাদকীয়তে বর্ণিত তথ্যাদি ভুয়া, মিথ্যা এবং জাতির জন্য বিভ্রান্তকর।

২. দৈনিক সংবাদ-এ নট্রামসকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দিয়ে মনগড়া ও সরকারি বিধির অপব্যাখ্যা করা হয়েছে। সুতরাং কাগজপত্র পরীক্ষা নিরীক্ষা না করেই কোন্ বিধি লংঘিত হয়েছে উল্লেখ করে সরকারের প্রতিষ্ঠিত মন্ত্রণালয় ও অধীনস্থ প্রতিষ্ঠানের বিপক্ষে অন্ধভাবে গালাগালির ভাষায় সংবাদ পরিবেশন এক ধরনের স্বেচ্ছাচারিতা বলে নিম্নস্বাক্ষরকারী মনে করেন।

৩. সরকারি বিধি, নিয়ম একটি নিবিড় প্রক্রিয়া। কেউ ইচ্ছা করলেই তা লংঘন করতে পারে না। সরকারি বিধি, নিয়ম একটি সিসটেম। সরকারি সিসটেমের সাথে অনেক ব্যক্তি ও প্রতিষ্ঠান জড়িত থাকে। এ কারণে কোন সরকারি অফিস আদালতে কোন প্রকার বিধি লংঘিত হওয়ার সাথে সাথেই তা ধরা পড়ে এবং উদঘাটিত হয়।

৪. দৈনিক সংবাদ-এর নামে নট্রামস সম্পর্কে মিঃ মিলু বিভিন্ন মন্ত্রণালয়, দপ্তর, অধিদপ্তর, জেলা প্রশাসন ও সংস্থাতে টেলিফোন করে বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীকে বিভ্রান্তিকর পরিস্থিতিতে ফেলে। তার হুমকিতে যখন কোন সংস্থা নট্রামস সম্পর্কে কোয়েরি করে তখনই ঐ কোয়েরিকে পুঁজি করে বালোয়াট সংবাদ ছাপানো হয়।

৫. নট্রামস জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে পরিচিতি লাভ করেছে বলে ঐ সম্পাদকীয়তে স্বীকার করা হয়েছে। উক্ত সম্পাদকীয়তে যে ভাষায় গালাগালি করা হয়েছে তার সামান্যতম অংশও সত্য হলে কোন প্রতিষ্ঠান জাতীয় পর্যায়ে নেয়া দূরের কথা স্থানীয় পর্যায়েই চলতে পারে না।

৬. পরিশেষে শ্রদ্ধাভাজন সম্পাদক, দৈনিক সংবাদ, ঢাকাকে বিশেষভাবে অনুরোধ, আপনি ব্যক্তিগতভাবে অথবা অন্য কোন পদ্ধতিতে সত্যতা যাচাই করে জরুরি পদক্ষেপ গ্রহণ না করলে আপনার ঐতিহ্যবাহী 'দৈনিক সংবাদ' পত্রিকার উপর জনগণের যে আস্থা ছিল তা অচিরেই বিনষ্ট হয়ে যাবে।

প্রফেসর মোঃ আবদুল মান্নান সরকার
পরিচালক।